

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৫৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. জুমু'আর সালাত - জুমু'আর দুই খুতবাতে চুপ থাকা ওয়াজিব

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «مَنْ تَكَلَّمَ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ فَهُوَ كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ أَسْفَارًا, وَالَّذِي يَقُولُ لَهُ: أَنْصِتْ, لَيْسَتْ لَهُ جُمُعَةٌ». رَوَاهُ أَحْمَدُ, بإِسْنَادِ لَا بَأْسَ بِهِ

ضعيف. رواه أحمد (1/ 230/ رقم 2033)، وفيه مجالد بن سعيد، وهو ضعيف

বাংলা

৪৫৪. ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-ইমামের খুতবাহ দেয়ার সময় যে মুসল্লী কথা বলবে সে ভারবাহী গাধার মত; আর যে তাকে 'চুপ থাক' বলে তার জুমু'আর হক আদায় হল না। - আহমাদ দোষমুক্ত সানাদে।[1]

ফুটনোট

[1] বুখারী ১৫৯৭, ১৬০৫, ১৬১০, মুসলিম ১২৭০, ১২৭১, তিরমিয়ী ৮৬০, নাসায়ী ২৯৩৬, ২৯৩৭, ২৯৩৮, আবূ দাউদ ১৮৭৩, ইবনু মাজাহ ২৯৪৩, আহমাদ ১০০, ১৩২, ১৭৭, ১৫৫, মুওয়াত্তা মালেক ৮২৪, দারেমী ১৮৬৪।

ইমাম হাইসামী তার আল মাজমাউয যাওয়ায়িদ (২/১৮৭) গ্রন্থে বলেন, এর সানাদে মুজালিদ বিন সাঈদ রয়েছেন যাকে মুহাদ্দিসগণ দুর্বল বলেছেন। একটি বর্ণনায় ইমাম নাসায়ী তাকে সিক্কাহ হিসেবে উল্লেখ করেছেন। ইমাম শওকানী তাঁর সাইলুল জাররার (১/৩০১), গ্রন্থে বলেন, উক্ত রাবীর ব্যাপারে হালকা বিতর্ক রয়েছে। কিন্তু তিনি তার নাইলুল আওত্বার (৩/৩৩৪) গ্রন্থে বলেন, অধিকাংশ মুহাদ্দিস তাকে দুর্বল বলেছেন। শাইখ আলবানী যঈফ তারগীব (৪৪০), তাখরীজ মিশকাতুল মাসাবীহ (১৩৪২) গ্রন্থে একে দুর্বল বলেছেন। তবে আহমাদ শাকের মুসনাদ আহমাদের তাহকীকে (৩/৩২৬) এর সানাদকে হাসান বলেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন